রেডিও মেঘনা

# মেঘনা বুলেটিন মার্চ ২০২৩: সংখ্যা: ৫৯

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবণ-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।



/radiomeghna99.0 radiomeghna.net

## কমিউনিটি রেডিও মেঘনার ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

'উন্নয়ন, তথ্যসেবা ও দুযোর্গে উপকুলবাসীর আস্থা' এ প্রতিপাদ্যকে সামনে রেখে দ্বীপ জেলা ভোলার চরফ্যাসন উপজেলায় কোস্ট ফাউন্ডেশনের কমিউনিটি রেডিও মেঘনার ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী-২০২৩ উদযাপন করা হয়েছে।
শনিবার (১৮ ফেব্রুয়ারী) সকাল ১০ টায় কোস্ট ফাউন্ডেশন এর কার্যালয় থেকে বর্ণাঢ্য র‌্যালী বের হয়ে উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনে গিয়ে শেষ হয়। পরে কেক কাটা ও আলোচনার মধ্য দিয়ে এ রেডিও মেঘনার প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়। স্থানীয় কিশোরী ও যুবনারী দ্বারা পরিচালিত চরফ্যাসন উপকূলীয় গণমানুষের মুখপাত্র রেডিও মেঘনার ৮ম বছর পেরিয়ে নবম বছরে পর্দাপন করলো।




এ সময় উপস্থিত ছিলেন, রেডিও মেঘনার উপদেষ্টা কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সহধর্মিণী মিসেস ইয়াসরিবা মুমু। কোস্ট ফাউন্ডেশন ভোলা জেলা সহকারী পরিচালক রাশিদা বেগম। এছাড়া আরো উপস্থিত ছিলেন, কোস্ট ফাউন্ডেশন মাইক্রোফিনান্স বিভাগের কর্মীসহ রেডিও মেঘনার সকল কলাকৌশলীরা।
উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, এর মধ্যেও চরফ্যাসনের উপকূলের কণ্ঠস্বর ৯৯.০ এফএম কমিউনিটি রেডিও মেঘনা সুনামের সাথে পরিচালিত হচ্ছে। সেই সাথে রেডিও মেঘনার ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রম এর সাফল্যর সাথে সামনে দিকে এগিয়ে যাওয়া কামনা করেন।
উলে-খ্য, চরফ্যাসন উপকূলীয় গনমানুষের একমাত্র কমিউনিটি রেডিও মেঘনা ২০১৫ সালের ১৮ ফেব্রুয়ারি প্রথম যাত্রা শুরু করে। ২০২৩ সালের ১৮ ফেব্রুয়ারি ৮ম বছর পেরিয়ে ৯ম বছরের পর্দাপণ করলো।



ছবি ধারণে: মৌসুমী, স্থান চরফ্যাসন উপজেলা, তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৩

## রেডিও সংবাদ

### আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে রেডিও মেঘনায় দিনভর নানান আয়োজন



ছবি ধারণে: মৌসুমী, স্থান: কেন্দ্রীয় শহীদ মিনার, তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৩

২১ শে ফেব্রুয়ারি, মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। এ উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবারেও রেডিও মেঘনার আয়োজনে ছিলো বিভিন্ন ধরণের আয়োজন। রাত ১২:০১ মিনিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতি মহোদয়ের কেন্দ্রিয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের ধারা বিবরণী বাংলাদেশ বেতার হতে রিলে সম্প্রচার করা হয়।

এছাড়াও ভোর ৬:৩০ মিনিটে কোস্ট চরফ্যাসন সেন্টার হতে বর্ণাঢ্য র‌্যালী বের হয়ে উপজেলা সদরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে চরফ্যাসন ফ্যাসন স্কয়ার কেন্দ্রীয় শহীদ মিনারে কৃতজ্ঞচিত্তে ভাষা শহীদদের স্মরণ পুষ্পস্তবক অর্পণ করে রেডিও মেঘনা ও কোস্ট ফাউন্ডেশনের কর্মীরা। পুষ্পস্তবক অর্পণ শেষে কোস্ট চরফ্যাসন সেন্টারের হল রুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এদিকে দিনটিকে ঘিরে রেডিও মেঘনার সম্প্রচারে ছিলো নানান আয়োজন। মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য, ইতিহাস ও গুরুত্ব তুলে ধরতে দিন ব্যাপি ভাষার গান, প্রোমো, ম্যাগাজিন অনুষ্ঠান প্রচার করা হয়। এছাড়াও রেডিও মেঘনার অফিসিয়াল ফেসবুক পেজ এবং ইউটিউবেও ভিডিও আপলোড করা হয়।

## বিকাশ প্রতারণা থেকে পরিবারকে বাঁচলেন সালমা

সময়ের সঙ্গে সঙ্গে বিকাশ এর জনপ্রিয়তা বাড়ছে। প্রযুক্তির উন্নতির সঙ্গে তাল মিলিয়ে বেড়ে চলছে প্রতারক চক্রেরও। যার ফলে প্রায় শুনা যায় বিকাশে হ্যাক হওয়ার ঘটনা। বিভিন্ন ভাবে লোভ দেখিয়ে বিকাশের পিনকোড নিয়ে প্রতারক চক্র একাউন্ট থেকে টাকা নিয়ে যায়।

এমনটাই ঘটনা ঘটতে চলছিলো কুলছুম বাগ ১নং ওয়ার্ডের সালমা কেগমের (৩০) সাথে। প্রায় আট বছর ধরে রেডিও মেঘনা শুনেন। সংসারের কাজের পাশাপাশি কম-বেশি প্রতিদিনই শোনেন পছন্দের অনুষ্ঠান। পুরনো দিনের গানের অনুষ্ঠান তার খুব পছন্দের। এই অনুষ্ঠানে গানের মাঝে শুনতে পেয়েছেন বিকাশ প্রতারক চক্রের কথা। তারা লোভ দেখিয়ে কীভাবে একাউন্ট থেকে টাকা নিয়ে যায়। তখন থেকেই তিনি এবিষয়ে সচেতন হয়েছেন। তার মেয়ের উপবৃত্তির টাকা বিকাশ একাউন্টে আসলে, অচেনা নাম্বার থেকে তাকে ফোন দিয়ে বিভিন্ন ভাবে লোভ দেখানের চেষ্টা করেন। তবে তিনি বিষয়টি সম্পূর্ন বুঝতে পেরে তাদেরকে এড়িয়ে গেলেন। এবং দ্রুত তার বিকাশ থেকে টাকা তুলে ফেললেন। তিনি আরও জানান, রেডিও মেঘনার পিএসএর শুনার মাধ্যমে এবিষয়টি জানতে পেরে আমি এতোবড় ধোকা এড়িয়ে যেতে পেরেছি। তাই তাদেরকে ধন্যবাদ জানাই। আশা করি ভবিষ্যতে তারা এভাবেই আমাদের পাশে থাকবেন।



সাক্ষাৎকার গ্রহণে: ফারিহা ইসলাম, ছবি ধারণে: অধরা ইসলাম, স্থান কুলছুমবাগ , তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২৩

## খেজুরের কাঁচা রস খাওয়ায় সর্তক



ছবি ধারণে: ফাতেমা ইসলাম, স্থান: জাহানপুর, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২৩

খেজুরের কাঁচা রস খেলেই আক্রান্ত হয় নিপা ভাইরাসে। এই ভাইরাসে আক্রন্ত প্রায় ৭০ শতাংশ লোকেই মারা যান। তাই এই ভাইরাস প্রতিরোধে চরফ্যাসনের জনসাধারনকে সচেতন করতে রেডিও মেঘনায় ডাক্তার নিয়ে আলাপচারিতা অনুষ্ঠান, পিএসএ, কথিকা প্রচার করা হয়। প্রচারের ফলে নিপা ভাইরাস সম্পর্কে না জানা অনেক তথ্য জানতে পারেন চরফ্যাসনের জনগন।

এমনটাই জানান জাহানপুর এলাকার বিবি হাসিনা, সাহেলা, মরিয়মসহ আরো গৃহিণীরা। তাদের মধ্যে বিবি হাসিনা বলেন, এক যুগেরও বেশি সময় ধরে তার স্বামী খেজুর গাছ কাটেন। বাড়ির আসেপাশের লোকজন রস কিনে নেয়। আবার অনেকেই শীত মৌসুমে বেড়াতে আসলে মজা করে কাঁচা রস খেতো এবং কাঁচা রস খাওয়ার প্রচলনও ছিলো বেশ।

তিনি আরো বলেন, নিপা ভাইরাস কি? সেটাও জানতেন না তারা। তবে রেডিও মেঘার অনুষ্ঠান শুনার পর জানতে পেরেছেন এবং বুঝতেও পেরেছেন নিপা ভাইরাস কি/কি খেলে নিপা ভাইরাস হয়। বর্তমানে খেজুরের রস সংগ্রহ থেকে শুরু করে রসের হাড়ি প্রতিদিন ভালো করে পরিষ্কার করা এবং অন্যকেও খেজুরের কাঁচা রস খাওয়া থেকে বিরত করছেন । এখন নিপা ভাইরাস সম্পর্কে জানতে পেরে রেডিও মেঘনাকে ধন্যবাদসহ ভবিষৎতে আরো সচেতন থাকবেন এমনটা জানান তারা।

## রেডিও শ্রোতা মতামত

- বর্ষপূর্তির দিনে প্রচার হওয়া "মনের কথা" অনুষ্ঠান ভীষণ ভালো লেগেছে। কারন এখানে আমাদের মনের কথাই প্রচার করা হয়েছিল।
- তাসনিয়া জাহান নুসরাত শ্রোতা বলেন, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে রেডিও মেঘনায় "অমর একুশ" আর এই অনুষ্ঠানটি শুনতে পেরে ভীষণ ভালো লেগেছে। এই বিষয় গুলো রেডিও অনুষ্ঠান থেকে শুনল মনে থাকে যা পরীক্ষার সময়ও কাজে লাগে।
- উৎকর্ষ অনুষ্ঠানটিতে সময় ব্যবস্থাপনা সর্ম্পকে জেনেছেন আর বুঝতে পেরেছি সময়ের গুরুত্ব কতটা প্রয়োজনীয়।
- আয়শা জাহান বলেন, যৌন হয়রানী নাটিকা শুনে করণীয় সর্ম্পকে জানতে পেরেছে।
- জীবন এবং সালমান শ্রোতা ফিডব্যাক: পহেলা ফাল্গুনের ভিডিও এবং বর্ষপূর্তির ভিডিও খুব ভালো লেগেছে।
- নাফিজা হোসেন ও নুসরাত শ্রোতা জানান, ফেসবুক পেইজে ছোট ছোট রিল্স এর মাধ্যমে মন খারাপে করণীয়, মনে রাখার উপায় ও মাথাব্যথায় করণীয় সর্ম্পকে সংক্ষেপে দেখতে পেয়েছেন এতে তাদের উপকার হয়েছে। ঘরোয়া উপায়ে সুস্থ্য থাকতে পারবে তারা।


যোগাযোগ:
উম্মে নিশি, সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা। ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: nishi.meghna@coastbd.net কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।